

শাকসু নির্বাচন : তফসিল ঘোষণার আগেই ৪ শিক্ষকের পদত্যাগ

নিজস্ব প্রতিবেদক, সিলেট



সংগৃহীত ছবি

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় ছাত্র সংসদ (শাকসু) নির্বাচনের তফসিল ঘোষণার আগেই নির্বাচন কমিশন থেকে পদত্যাগ করেছেন বিএনপিপন্থী ৪ শিক্ষক। রবিবার (২ নভেম্বর) ব্যক্তিগত কারণ দেখিয়ে রেজিস্ট্রার বরাবর পদত্যাগপত্র জমা দেন তারা।

পদত্যাগ করা শিক্ষকরা হলেন- বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগের অধ্যাপক ড. রেজোয়ান আহমেদ, ফুড ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টি টেকনোলজি বিভাগের অধ্যাপক ড. জিএম রবিউল ইসলাম, লোকপ্রশাসন বিভাগের

অধ্যাপক ড. মো. আশরাফ সিদ্দিকী ও নৃবিজ্ঞান
বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ মনযুর-উল-
হায়দার।

পদত্যাগের বিষয়ে অধ্যাপক ড. মোহাম্মদ
মনযুর-উল-হায়দার বলেন, ‘হ্যাঁ, আমি নির্বাচন
কমিশনারের দায়িত্ব থেকে পদত্যাগ করেছি।

,

এ ব্যাপারে আরেক নির্বাচন কমিশনার
অধ্যাপক ড. রেজোয়ান আহমেদ বলেন, ‘আমি
এ দায়িত্ব থেকে পদত্যাগ করেছি। এর কারণ
ওখানে (পদত্যাগপত্রে) উল্লেখ করা আছে।
কারণটি ব্যক্তিগত-ই কিনা এমন প্রশ্নের জবাবে
তিনি বলেন, হ্যাঁ ওইটাই।’

প্রসঙ্গত, গত ২৭ অক্টোবর সন্ধ্যায় প্রশাসনিক
ভবন-১-এর সামনে শাকসু নির্বাচনের লক্ষ্যে
উপাচার্যের উপস্থিতিতে ১৩ জন নির্বাচন
কমিশনারদের নাম ঘোষণা করেন
বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার সৈয়দ ছলিম মো.
আবদুল কাদির।